

ফাতওয়া নাম্বার: ১১১

প্রকাশকালঃ ১৫-১০-২০২০ ইং

সেকুলার রাষ্ট্রে কি জুমআ পড়া বৈধ হবে?

প্রশ্ন:

আমাদের এ দেশটি যেহেতু ইসলামি রাষ্ট্র না বরং সেকুলার রাষ্ট্র। যা মানব রচিত আইন কানুন দিয়ে চলে। এ দেশে খলিফা বা আমীর কোনোটিই নাই। সুতরাং এ দেশে কি জুমআর সালাত আদায় করা বৈধ হবে? না, জোহরের সালাত আদায় করতে হবে?

প্রশ্নকারী- মোঃ জহিরুল ইসলাম

ঠিকানা-অজ্ঞাত

উত্তর:

হ্যাঁ, এ দেশে খলীফাতুল মুসলিমীন বা আমীরুল মুমিনীন না থাকলেও জুমআর সকল শর্ত পাওয়া যাওয়ার কারণে জুমআই পড়তে হবে। জুমআ না পড়ে জোহর পড়া জায়েয হবে না। হানাফী মাযহাবে সাধারণ অবস্থায় যখন সুলতান (রাষ্ট্রপ্রধান) থাকেন এবং তিনি জুমআর ব্যবস্থাপনা করেন, তখন জুমআ সহীহ হওয়ার জন্য সুলতান বা নায়েবে সুলতানের উপস্থিতি কিংবা তাদের অনুমতি শর্ত। অন্যথায় জুমআ সহীহ হয় না। তবে সুলতান না থাকা বা সুলতানের জুমআ ছেড়ে দেয়ার মতো বিশেষ বিশেষ পরিস্থিতিতে এই শর্ত প্রযোজ্য নয়। তখন মুসলিমদের জন্য নিজেদের মধ্য থেকে একজনকে ইমাম বানিয়ে জুমআ আদায় করা ফরজ। পক্ষান্তরে অন্য

তিন মাযহাবে কোনো অবস্থায়ই জুমআ সহীহ হওয়ার জন্য সুলতানের অনুমতি শর্ত নয়।

সুতরাং মাযহাব চতুষ্টয়ের ঐক্যমতে বাংলাদেশের মতো দেশগুলোতে জুমআর নামায আদায় করা ফরয। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য (<https://fatwaa.org/2020/06/28/1166/> এ লিংকে) ৩৪ নং ফতোয়াটি দেখে নিতে পারেন ইনশাআল্লাহ।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাছ)

১৭-০২-১৪৪২ হি.

০৭-১০-২০২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ